গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং-৪৪.০৪.০০০০.০২৪.২২.০০১.২০২৬-১৩

তারিখঃ ২১ পৌষ, ১৪৩২।
০৫ জানুয়ারি, ২০২৬।

বিষয় ঃ **বাংলাদেশ জেল এর "পোশাক পরিধানের সচিত্র নীতিমালা" প্রেরণ প্রসঙ্গে।**

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিফর্মধারী সদস্যদের সঠিক নিয়মে পোশাক পরিধান করা একটি গুরুত্বপূর্ণ বিষয় যা বাহিনীর শৃঙ্খলা ও সক্ষমতার পরিচয় বহন করে। সে লক্ষ্যে প্রণীত বাংলাদেশ জেল এর "পোশাক পরিধানের সচিত্র নীতিমালা" এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

এখন হতে চিত্রে দেখানো পোশাক পরিধান নীতিমালা অনুসরণ করে পোশাক পরিধান করার জন্য সকলকে নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে কারা উপ-মহাপরিদর্শকগণ কারাগার পরিদর্শনকালীন পোশাক পরিধান নীতিমালার সরেজমিনে বাস্তবায়ন তদারকি ও নিশ্চিত করবেন।

**সংযুক্ত:** ০৯ (নয়) পাতা।

5/1/26

মোঃ তানভীর হোসেন
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক (অপারেশনস)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ ০২৫-৭৩০০৪০০(দপ্তর)।
addl.ig.ops.@prison.gov.bd

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

১. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২. কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;
৩. সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
৪. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;
৫. জেল সুপার, হসপিটালাইজড প্রিজনার্স সিকিউরিটি ইউনিট (এইচপিএসইউ), নাজিম উদ্দিন রোড, ঢাকা;
৬. জেলার (অপারেশন),কারা অধিদপ্তর, ঢাকা;
৭. ডেপুটি জেলার (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;
৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর ঢাকা;
৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর ঢাকা। পত্রটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো;
১০. কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক (প্রশাসন ও অর্থ/অপারেশন ও প্রশিক্ষণ/বন্দি ব্যবস্থাপনা)/ কারা উপ-মহাপরিদর্শক এর ব্যক্তিগত সহকারী। কর্মকর্তাগণের অবগতির জন্য।
১১. অফিস কাপি।

computer/5 সার্কুলার-২৪

# বাংলাদেশ জেল এর সচিত্র পোশাক পরিধান নীতিমালা

১। **ক্যাপ :** রং জ্বলে যাওয়া ব্যারেট ক্যাপ পরিধান করা যাবেনা। ক্যাপ ব্যাজ পরিষ্কার চকচকে হতে হবে। নামাজের টুপির মত ক্যাপ পরিধান করা বা এলোমেলো ক্যাপ পরিধান করা যাবেনা। ক্যাপ পরিধান অবস্থায় ক্যাপ ব্যাজ বাম চোখের ঠিক উপরে অবস্থান করবে। ক্যাপের উপর হতে ডানদিকের ঢালু অংশ সুন্দর ভাঁজ করে ডান কানের ঠিক উপরি অংশে অবস্থান করবে।

| সঠিক নয় | সঠিক |
|---|---|
|  |  |

২। **সোল্ডার ব্যাজ:** সকলের সোল্ডার ব্যাজ পিতলের হতে হবে এবং পরিধানের সময় ভিতরের অংশে কোন কিছু লাগানো থাকবেনা। (যেমন- লাল কাপড়, এক্সরে ফ্লিম ইত্যাদি)



**৩। র‍্যাঙ্ক ব্যাজ :** কাপড়ের র‍্যাংক ব্যাজ (অ্যাপুলেট) পরিধান করা যাবেনা। অবশ্যই ধাতব র‍্যাংক ব্যাজ পরিধান করতে হবে।

| কাপড়ের (অ্যাপুলেট) র‍্যাংক ব্যাজ | ধাতব (মেটাল) র‍্যাংক ব্যাজ |
|---|---|
|  |  |
| কাপড়ের (অ্যাপুলেট) র‍্যাংক ব্যাজ | ধাতব (মেটাল) র‍্যাংক ব্যাজ |
|  |  |

৪। **<u>নেইমপ্লেট,নম্বরপ্লেট, হ্যাংগিং ব্যাজ এবং আইডি কার্ড :</u>** শার্টের ডান পকেটের উপর নেমপ্লেট তার নিচে নম্বর প্লেট এবং ইস্যুকৃত হ্যাংগিং ব্যাজ ঝুলানো থাকবে। আইডি কার্ড বা পরিচয়পত্র বাম পকেটের সাথে ঝুলানো থাকবে।





৫। **<u>নেইম প্লেট :</u>** কারা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত ডিজাইনের নেইমপ্লেট ব্যতিত অন্য কোন ডিজাইনের নেইমপ্লেট ব্যবহার করা যাবেনা।

কারা অধিদপ্তর কর্তৃক নেইমপ্লেট এর নির্ধারিত ডিজাইন




৬। **<u>লেনিয়ার্ড :</u>** বাম হাতের সাথে সোনালী রংয়ের লেনিয়ার্ড থাকবে এবং লেনির্য়াডের সামনের অংশ বাঁশিসহ সংক্ষিপ্তভাবে বাম পকেটে ঢুকানো থাকবে।





৭। **<u>বেল্ট :</u>** কারা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত বেল্ট পরিধান করতে হবে (অন্য কোন বেল্ট প্রযোজ্য নয়)। বেল্ট অবশ্যই নাভীর বরাবর পরিধান করতে হবে। বেল্টের দুইপ্রান্তের মাঝখানের সংযোগস্থল নাভীতে হবে। অবশ্যই বেল্ট টাইট করে পড়তে হবে।


সঠিক নয়





সঠিক





সঠিক





৮। **<u>কোমর বন্ধনি :</u>** আনুষ্ঠানিক পোশাক পরিধানের ক্ষেত্রে কোমর বন্ধনির সবুজ অংশ নাভীর উপরে ও নিচে সমানভাবে পড়তে হবে এবং বেল্টের উভয়প্রান্তের মাঝখানের সংযোগস্থল নাভী বরাবর হবে। কোমর বন্ধনির সংযোগস্থল বাম পাশে প্যান্টের সেলাই বরাবর থাকবে। কোমর বন্ধনির উপরে সবুজ অংশের ঠিক মাঝ বরাবর সাদা বেল্ট পরিধান করবে।

| সঠিক নয় | সঠিক |
|---|---|
|  |  |
| সঠিক নয় | সঠিক |
|  |  |

৯। **<u>প্যান্ট :</u>** প্যান্টের নিচের অংশ খোলা অবস্থায় পরিধান করা যাবেনা, প্যান্টের নিচের অংশ বুটের উপরে রাবার জাতীয় এ্যাংলেট দিয়ে সুন্দরভাবে ফোল্ডিং করতে হবে।

| সঠিক নয় | সঠিক |
|---|---|
|  |  |

১০। <u>চুল কাটিং:</u>

| সামনে | পিছনে |
|---|---|
|  |  |
| ডান পাশ | বাম পাশ |
|  |  |


১১। <u>সম্পূর্ণ পোশাক পরিধান অবস্থায় :</u>



১২। **উলেন জার্সি পরিধান অবস্থায় :** শীতকালে জার্সি পরিধানের ক্ষেত্রে জার্সির সাথে ধাতব সোল্ডার ব্যাজ, ধাতব র‍্যাংক ব্যাজ পরিধান করতে হবে। বেল্ট জার্সির ভিতরে পড়া যাবেনা, অবশ্যই বেল্ট জার্সির উপর নাভী বরাবর পড়তে হবে।




১৩। **জ্যাকেট পরিধান অবস্থায়:** শীতকালে জ্যাকেট পরিধানের সময় সম্পূর্ণ পোশাক পরিধান করে পোশাক এর উপর জ্যাকেট পরিধান করতে হবে। জ্যাকেট এর সাথে নেম প্লেট, ধাতব সোল্ডার ব্যাজ এবং ধাতব র‍্যাংক ব্যাজ পরিধান করতে হবে। জ্যাকেট পরিধান অবস্থায় জ্যাকেটের হাতা ফোল্ডিং করা যাবেনা।



১৪। <u>**মহিলা কারারক্ষীর হিজাব পরিধান:**</u> মহিলা কারারক্ষীদের হিজাব পরিধানের ক্ষেত্রে কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২৪.২২.০০১.২০২৫-২৮৮,তারিখ-১৪-০৫-২০২৫ খ্রি: এর পোশাক নীতিমালা অনুযায়ী পরিধান করবে।

| শার্ট-প্যান্ট এর সাথে হিজাব |
| --- |
|  |
| শাড়ীর সাথে হিজাব ও ক্যাপ |
|  |

5/1/26

মো: তানভীর হোসেন
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক (অপারেশনস)
পক্ষে- কারা মহাপরিদর্শক
ফোন-০২৫-৭৩০০৪০০
ই-মেইল-addl.ig.ops.@prison.gov.bd